ভোরের কাগজ

২৭/১০/২০০০

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ..১৭ কলাম .. ৫....

পরীক্ষাকেন্দ্র স্থানান্তরের প্রতিবাদ

# গাইবান্ধা সরকারি কলেজের প্রশাসনিক কার্যক্রম বন্ধ করে দিয়েছে ছাত্ররা

গাইবান্ধা প্রতিনিধি : গাইবান্ধা সরকারি কলেজের সাবসিডিয়ারি পরীক্ষা কেন্দ্র রংপুর কারমাইকেল কলেজে স্থানান্তরের প্রতিবাদে, ছাত্ররা গাইবান্ধা সরকারি কলেজের প্রশাসনিক কর্মকাণ্ড গত ১৩ অক্টোবর থেকে বন্ধ করে দিয়েছে।

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এক নির্দেশে ১৯৯৭-৯৮ ও ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষের সাবসিডিয়ারি পরীক্ষা কেন্দ্র গাইবান্ধা সরকারি কলেজ থেকে রংপুর কারমাইকেল কলেজে স্থানান্তর করে। এ সংবাদ জানার পর থেকেই সর্বদলীয় ছাত্র ঐক্যের ব্যানারে আন্দোলন শুরু করে ছাত্ররা। তারা ধারাবাহিকভাবে বিক্ষোভ কর্মসূচি, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বরাবরে স্মারকলিপি পেশ, প্রতীক অনশন, মানববন্ধন, রাজপথ-রেলপথ অবরোধসহ বিভিন্ন কর্মসূচি পালন করে।

এ ব্যাপারে সর্বদলীয় ছাত্র ঐক্যের নেতৃবৃন্দ বলেন কলেজ অধ্যক্ষ সময়োচিত পদক্ষেপ গ্রহণ না করে দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন। সেই সুযোগে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এরকম ছাত্র স্বার্থ বিরোধী সিদ্ধান্ত গ্রহণ করেছে। ফলে অর্থনৈতিকভাবে পশ্চাৎপদ এ এলাকার ছাত্রদের রংপুরে গিয়ে পরীক্ষা দিতে দারুণ হিমশিম খেতে হচ্ছে।

কলেজ কর্তৃপক্ষ বলেছেন পরীক্ষা কেন্দ্র স্থানান্তরের সিদ্ধান্ত নিয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয়। "এ ব্যাপারে আমরা যথাসম্ভব চেষ্টা করেছি, জেলা প্রশাসক নিজেও কেন্দ্র পুনর্বহালের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে লিখেছেন। কিন্তু তারা সিদ্ধান্ত পরিবর্তন করেননি।"